যুগান্তর

তারিখ ... 07 SEP 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

জাতীয় বিশ্ববিদ্যালয়

# ২০১৫-১৬ স্নাতক সম্মানে ভর্তি শুরু ১ অক্টোবর

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়নে ২০১৮ সালের মধ্যভাগ হতে বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণ সেশনজট মুক্ত করার লক্ষ্যে ২০১৫-১৬ স্নাতক (সম্মান) ভর্তিপ্রক্রিয়া ১ অক্টোবর থেকে শুরু হচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, বিভিন্ন বর্ষের সেশনজট নিরসনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্রাশ প্রোগ্রাম গ্রহণ করেছে। শিক্ষার মানোন্নয়নে ২০১৮ সালের মধ্যভাগ হতে বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণ সেশনজট মুক্ত করা হবে। এরই পরিপ্রেক্ষিতে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তিপ্রক্রিয়া আগামী ১ অক্টোবর থেকে শুরু হবে। ২০১৫-১৬ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি এসএসসি ও এইচএসসির ফলাফলের ভিত্তিতে হবে এবং কোনো ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১ ডিসেম্বর ২০১৫ হতে শুরু হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য শিক্ষার্থীদের ভর্তি নির্দেশিকা ও ওয়েবসাইটের মাধ্যমে যথাসময়ে জানানো হবে।